



**সম্ভাব্য আকস্মিক বন্যা থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হাওর অঞ্চলের জন্য):**

প্রকাশের তারিখ: ১৭ এপ্রিল, ২০২১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুসারে এপ্রিল/২০২১ মাসের শেষের দিকে বাংলাদেশের উত্তর-পূর্ব হাওর অঞ্চল (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ও নেত্রকোনা)-এর কিছু কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের কারণে আকস্মিক বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে হাওর অঞ্চলে আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দস্তায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। প্রয়োজন সাপেক্ষে বৃষ্টিপাতের পর সার ও বালাইনাশক প্রয়োগ করুন।
- ৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ১১। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।